**ডিনের কার্যালয়**
ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ
আর্থ এন্ড ইঞ্জিঃ ২১ তলা ভবন (৩য় তলা), কার্জন হল এলাকা
শাহবাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ

**Office of the Dean**
Faculty of Engineering and Technology
Earth & Engg. 21st Storied Bhaban (2nd Flr.) Curzon Hall Area
University of Dhaka, Shahbag, Dhaka-1000, Bangladesh

স্মারক নং-ই.এন্ড টি.অনু: ৩০২ /২০২৬

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৯/০৭/ ২০২৬ খ্রিষ্টাব্দ

পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০।

**বিষয়: ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদভুক্ত বিভাগসমূহের বিদ্যমান নীতিমালা অনুযায়ী শিক্ষার্থীদের ফলোন্নয়ন পরীক্ষা দেওয়ার অনুমতির ব্যাপারে সর্বোচ্চ ক্রেডিট নির্ধারণ না থাকা এবং অনুষদভুক্ত বিভাগের শিক্ষার্থীদের ফলোন্নয়ন অংশগ্রহণের লক্ষ্যে ফরম ফিলাপ করা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,
শুভেচ্ছা নিবেন। আপনার অবগতির জন্য জানাচ্ছি যে, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদভুক্ত বিভাগসমূহের একাডেমিক কার্যক্রম যুগোপযোগী ও ত্বরান্বিত করার লক্ষ্যে অত্র অনুষদের বি.এসসি. এবং এম.এসসি. ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের একটি সুনির্দিষ্ট নীতিমালা ঢাকা বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট সভা কর্তৃক অনুমোদিত রয়েছে। উক্ত নীতিমালা অনুযায়ী অত্র অনুষদের একাডেমিক সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। তবে এখানে উল্লেখ থাকে যে, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক সকল অনুষদের জন্য সুনির্দিষ্ট কোনো প্রকার সমম্বিত নিয়ম নির্ধারিত হলে তা অত্র অনুষদভুক্ত বিভাগসমূহে অনুসরণ করা হয়। ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের নীতিমালায় এবং ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক অত্র অনুষদের শিক্ষার্থীদের জন্য ফলোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে সুনির্দিষ্ট কোনো ক্রেডিট সীমা নির্ধারণ করা নেই। অর্থাৎ একজন শিক্ষার্থী ১ম বর্ষ হতে ৪র্থ বর্ষের মধ্যে ফলোন্নয়ন (এফ গ্রেডসহ) কত ক্রেডিট পর্যন্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তা সুনির্দিষ্টভাবে নির্ধারিত নেই। এমতাবস্থায়, অত্র অনুষদের ফলোন্নয়ন পরীক্ষা অংশগ্রহণের ক্রেডিট সীমা না থাকায় ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদভুক্ত বিভাগসমূহের শিক্ষার্থীদের ক্ষেত্রে অন্য অনুষদের ক্রেডিট সীমা প্রযোজ্য হবে না। ফলে অত্র অনুষদভুক্ত বিভাগসমূহের শিক্ষার্থীদের বিভিন্ন বর্ষে ফলোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে ফরম ফিলাপ করার জন্য ফলোন্নয়ন পরীক্ষার সর্বোচ্চ ক্রেডিট সীমা নির্ধারণ না করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, অত্র অনুষদের নীতিমালা সংশোধন, সংযোজন ও বিয়োজন করার লক্ষ্যে ইতোমধ্যে একটি কমিটি গঠন করা হয়েছে এবং উক্ত বিষয়টি সংযোজনের প্রক্রিয়াধীন রয়েছে।

অতএব, দ্রুততম সময়ে অনুষদভুক্ত বিভাগসমূহের ফলোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে শিক্ষার্থীদের ফলোন্নয়ন পরীক্ষার ক্রেডিট সীমা নির্ধারণ না করে ফরম ফিলাপ করার বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

(অধ্যাপক ড. উপমা কবির)
ডিন (ভারপ্রাপ্ত)
ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়।

**অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- চেয়ারম্যান, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- চেয়ারম্যান, ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- চেয়ারম্যান, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- চেয়ারম্যান, নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- চেয়ারম্যান, রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।